

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়
www.dncrp.gov.bd

স্মারক নং-২৬.০৪.৭০০০.৫০৮.১৮.০১৮.১৭-৮৭

তারিখ: ০৫সেপ্টেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি
জরিমানাঃ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা)


বিষয়: বাজার তদারকিমূলক অভিযান।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক আদ্য ০৫/০৯/১৮ খ্রি চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার দারিয়াপুর বাজারে তদারকিমূলক অভিযান পরিচালিত হয়।

জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় এর নেতৃত্বে উক্ত অভিযান পরিচালনার সময় মোট ৮টি প্রতিষ্ঠান পরিদর্শন করে ও তিনিই প্রতিষ্ঠানকে জরিমানা আরোপ ও নগদ আদায় করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী পথের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে মাহিম স্টোর ও এস.এম. খাদ্য ভাণ্ডারকে ১,৫০০(এক হাজার পাঁচশত) টাকা করে এবং ধারা ৪৩ অনুযায়ী অবৈধ পণ্য বিক্রির অপরাধে লুক মি ফার্মেসিকে ১,৫০০(এক হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অভিযানে সহায়তা করেছেন জনাব মোঃ নুরুল ইসলাম, জেলা বাজার অনুসন্ধানকারী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ। অভিযান চলাকালে ব্যবসায়ীদের মাঝে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বৃদ্ধ করা হয়। অভিযানে নিরাপত্তা বিধানে সদর থানা পুলিশের একটি টিম নিয়োজিত ছিল। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।


০৫/০৯/১৮

(মোঃ জহিরুল ইসলাম)
সহকারী পরিচালক
ফোনঃ ০৭৮১-৫১৫১৫

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। উপপরিচালক (উপসচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। অফিসার ইন চার্জ, সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। জেলা মার্কেটিং অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
- ৯। প্রেসিডেন্ট, দি চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। অফিস নথি।